# এইচ এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ড এর জন্য)

## পৌরনীতি ও সুশাসন দ্বিতীয় পত্র বিষয় কোড: | ২ | ৭ | ০ |

**সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট** **সৃজনশীল প্রশ্ন** **পূর্ণমান — ৭০**

***দ্রষ্টব্য:*** *ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। যে কোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।*

**১.** ★ বঙ্গভঙ্গ রদ হওয়ার পর ভারতীয় মুসলমানরা বেশ হতাশ হয়ে পড়ে। সাম্প্রদায়িক সম্প্রীতির অবনতি ঘটে। ফলে তারা তাদের জন্য পৃথক আবাসভূমির প্রয়োজনীয়তা অনুভব করে। মুসলিম নেতৃবৃন্দ এ লক্ষ্যে একটি প্রস্তাব পেশ করেন। উক্ত প্রস্তাবে স্বাধীন বাংলাদেশের স্বপ্ন আঁকা ছিল।

ক. পলাশীর যুদ্ধ হয় কত সালে? ১

খ. মুসলিম লীগ গঠনের উদ্দেশ্যগুলো কী কী? ২

গ. উদ্দীপকে যে ঐতিহাসিক প্রস্তাবের কথা বলা হয়েছে তার মূল বৈশিষ্ট্য আলোচনা করো। ৩

ঘ. উক্ত প্রস্তাবে কীভাবে স্বাধীন বাংলাদেশের স্বপ্ন আঁকা ছিল? ব্যাখ্যা করো। ৪

**২.** ▶ ১৮৫৭ সাল ⟶ মহাবিদ্রোহ

১৯০৫ সাল ⟶ [ক]

১৯৪৭ সাল ⟶ [খ]


ক. ১৯৭১ সালে মুক্তিযুদ্ধের সময় বাংলাদেশকে কয়টি সেক্টরে ভাগ করা হয়? ১

খ. চিরস্থায়ী বন্দোবস্ত বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে 'ক' চিহ্নিত স্থানের ঐতিহাসিক ঘটনাটি কেন রদ করা হয়েছিল? বর্ণনা করো। ৩

ঘ. উদ্দীপকের 'খ' চিহ্নিত স্থানের উপযুক্ত বিষয়টি ভারতবর্ষের বিভক্তির সাথে জড়িত। বিশ্লেষণ করো। ৪

**৩.** ★





Teachingbd24.com

ক. পাকিস্তানের প্রথম সামরিক শাসন জারি করেন কে? ১
খ. ১৯৫৪ সালের নির্বাচনের গুরুত্ব লেখো। ২
গ. '?' চিহ্নিত স্থানের বিষয়টি কী? এর চূড়ান্ত রূপ বর্ণনা করো। ৩
ঘ. '?' চিহ্নিত স্থানের বিষয়টি বাঙালি জীবনে বিশেষ তাৎপর্য বহন করে।— মূল্যায়ন করো। ৪

৪.▶ ঔপনিবেশিক আমলে বাংলাদেশের এক মেধাবী মানুষ জমিদার ও গ্রাম্য মহাজনদের দ্বারা কৃষকদের শোষণ ও অত্যাচার দেখে ব্যথিত হন এবং রাজনীতিতে যোগ দেন। তার আন্তরিক প্রচেষ্টায় তৎকালীন সরকার কৃষিঋণ আইন, মহাজনী আইন ও প্রজাস্বত্ব আইন পাস করে। এর ফলে কৃষকদের সামাজিক, রাজনৈতিক ও অর্থনৈতিক ক্ষেত্রে ইতিবাচক পরিবর্তন আসে।

ক. ফরায়েজি আন্দোলনের নেতা কে? ১
খ. বারাসাত বিদ্রোহ বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকের সাথে কোন রাজনৈতিক ব্যক্তিত্বের কর্মকাণ্ডের সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. উল্লিখিত কর্মকাণ্ড ছাড়াও উক্ত রাজনৈতিক ব্যক্তিত্ব আরও অনেক শিক্ষাক্ষেত্রে ও রাজনৈতিক ক্ষেত্রে অবদান রেখেছেন।— বিশ্লেষণ করো। ৪

৫. ★




ক. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কোথায় জন্মগ্রহণ করেন? ১
খ. ছয় দফাকে বাঙালির বাঁচার দাবি বলা হয় কেন? ২

Teachingbd24.com

গ. ছকে উল্লিখিত ঘটনাবলি কোন নেতার সাথে সংশ্লিষ্ট? ব্যাখ্যা করো। ৩

ঘ. উক্ত নেতার বর্ণাঢ্য জীবনের সামগ্রিকতা প্রকাশে উদ্দীপকটি কতখানি সার্থক? বিশ্লেষণ করো। ৪

৬. ★ বব ডিলানের দেশের সংবিধান একটি 'সংবিধান প্রণয়ন কমিটির' মাধ্যমে আলাপ-আলোচনার মাধ্যমে প্রণীত হয়। এ সংবিধান লিখিত, সংসদীয় সরকার, দ্বি-কক্ষবিশিষ্ট আইনসভা ও বিচার বিভাগের স্বাধীনতা উল্লেখ আছে। কিন্তু এটি অনেকবার সংশোধন হয়েছে এবং আইনসভার তিন-চতুর্থাংশ সদস্য সমর্থনে তা সংশোধন হয়।

ক. বাংলাদেশের রাষ্ট্রপরিচালনার মূলনীতি কয়টি ও কী কী? ১

খ. রাষ্ট্রপতির অপসারণ পদ্ধতি ব্যাখ্যা করো। ২

গ. বব ডিলানের দেশের সংবিধানের সাথে বাংলাদেশের সংবিধানের সাদৃশ্য ব্যাখ্যা করো। ৩

ঘ. 'বাংলাদেশের সংবিধান বব ডিলানের দেশের সংবিধানের চেয়ে উত্তম'— তুমি কি বক্তব্যটি সমর্থন কর? এর সপক্ষে যুক্তি দাও। ৪

৭. ▶ জনাব আসাদুজ্জামান জাতীয় সংসদ নির্বাচনে জনগণের ভোটে নির্বাচিত হয়েছেন। রাষ্ট্র পরিচালনায় তিনি মুখ্য ভূমিকা পালন করেন। তার দল থেকে মনোনীত হয়ে জনাব সহিদুল ইসলাম অত্যন্ত গুরুত্বপূর্ণ রাষ্ট্রীয় পদে অধিষ্ঠিত আছেন। আসাদুজ্জামান আদালত কর্তৃক দণ্ডপ্রাপ্ত ব্যক্তির শাস্তি মওকুফ করতে না পারলেও সহিদুল ইসলাম তা পারেন।

ক. অধ্যাদেশ জারি করেন কে? ১

খ. কোরাম বলতে কী বোঝায়? ২

গ. জনাব সহিদুল ইসলামের কাজের সঙ্গে বাংলাদেশের শাসন বিভাগের কোন ব্যক্তির কাজের মিল রয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. জনাব সহিদুল ইসলাম নন, জনাব আসাদুজ্জামানই শাসনব্যবস্থার মধ্যমণি।— তুমি কি এর সঙ্গে একমত? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৮. ▶ জাহিদ সাহেব প্রাপ্তবয়স্কদের ভোটে পাঁচ বছরের জন্য নির্বাচিত হয়েছেন। তিনি একটি স্থানীয় স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের প্রধান, যার মোট সদস্য সংখ্যা ১৩ জন। তিনি পরবর্তী নির্বাচন না হওয়া পর্যন্ত উক্ত প্রতিষ্ঠানের দায়িত্বে থাকবেন। এলাকার উন্নয়নে তিনি বিভিন্ন খাতে যেমন আয় করেন তেমনি বিভিন্ন খাতে ব্যয়ও করেন। এলাকার উন্নয়নে তিনি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন।

ক. পৌরসভার নির্বাচিত প্রধানের পদবি কী? ১

খ. স্থানীয় সরকার বলতে কী বোঝায়? ২

গ. জাহিদ সাহেব কোন স্থানীয় সংস্থার প্রধান? ব্যাখ্যা করো। ৩

https://teachingbd24.com

ঘ. স্থানীয় উন্নয়নে জাহিদ সাহেবের ভূমিকা মূল্যায়ন করো। ৪

৯. ★ সরকারের একটি সাংবিধানিক প্রতিষ্ঠান গত ৩০শে ডিসেম্বর প্রথমবারের মতো দলীয় প্রতীকে ২৩৪টি পৌরসভার নির্বাচন অনুষ্ঠান করে। জনগণ ব্যাপক উৎসাহ উদ্দীপনার সঙ্গে নির্বাচনে অংশগ্রহণ করে। সরকারের প্রতিষ্ঠানটি প্রার্থীদের আচরণবিধি প্রণয়ন, প্রচার ও কার্যকর করে।

ক. দুর্নীতি দমন কমিশনকে সংক্ষেপে কী বলে? ১

খ. বাংলাদেশের প্রধান আইন কর্মকর্তার পদবি কী? তার ক্ষমতা বর্ণনা করো। ২

গ. উদ্দীপকের কর্মকাণ্ডের সাথে রাষ্ট্রের কোন সাংবিধানিক প্রতিষ্ঠান সম্পৃক্ত? তার গঠন বর্ণনা করো। ৩

ঘ. গণতান্ত্রিক সরকার প্রতিষ্ঠায় উক্ত প্রতিষ্ঠানের ভূমিকা আলোচনা করো। ৪

১০. ▶ নিচের ছকটি লক্ষ্য করো এবং প্রশ্নগুলোর উত্তর দাও:

| 'ক' সংস্থা | 'খ' সংস্থা |
|---|---|
| ১. প্রাথমিক সদস্য-৫০ | ১. প্রাথমিক সদস্য-২৪ |
| ২. উদ্দেশ্য বিশ্বশান্তি রক্ষা, অর্থনৈতিক, সামাজিক ও মানবিক উন্নয়ন | ২. উদ্দেশ্য মুসলমানদের স্বার্থ সংরক্ষণ ও নিজেদের মধ্যকার সহযোগিতা বৃদ্ধি করা। |
| ৩. সদরদপ্তর নিউইয়র্ক | ৩. সদরদপ্তর জেদ্দা। |

ক. SAARC-এর পূর্ণরূপ কী? ১

খ. বাংলাদেশের বৈদেশিক নীতির একটি বৈশিষ্ট্য বর্ণনা করো। ২

গ. 'ক' সংস্থার সাথে কোন আন্তর্জাতিক সংস্থার মিল রয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দেশ্য বাস্তবায়নে 'খ' সংস্থার কার্যক্রম বাংলাদেশের পরিপ্রেক্ষিতে মূল্যায়ন করো। ৪

১১. ★ সাম্প্রতিককালে আঞ্চলিক রাষ্ট্রসমূহের মধ্যে সহযোগিতা বৃদ্ধির প্রবণতা লক্ষণীয়। দক্ষিণ এশীয় আঞ্চলিক সহযোগিতা বৃদ্ধির লক্ষ্যে ১৯৮৫ সালে আনুষ্ঠানিক ভাবে গঠিত হয় একটি আঞ্চলিক সহযোগিতা সংস্থা। আন্তঃরাষ্ট্রীয় অর্থনৈতিক সহযোগিতা বৃদ্ধিসহ বহুবিধ সহযোগিতা গড়ে তোলার লক্ষ্য এই সংস্থাটি নির্ধারণ করে। অবশ্য বিভিন্ন প্রতিবন্ধকতার কারণে সংস্থাটি কাঙ্ক্ষিত লক্ষ্য অর্জনে ব্যর্থ হচ্ছে।

ক. কমনওয়েলথ কী? ১

খ. নির্বাচনে নাগরিকের অংশগ্রহণ প্রয়োজন কেন? ২

গ. উদ্দীপকে উল্লিখিত সংস্থাটির নাম কী? এ সংস্থাটির লক্ষ ও উদ্দেশ্য বর্ণনা করো। ৩

ঘ. উক্ত সংস্থা গঠনে বাংলাদেশের ভূমিকা আলোচনা করো। ৪

https://teachingbd24.com

# পৌরনীতি ও সুশাসন দ্বিতীয় পত্র

বিষয় কোড: | ২ | ৭ | ০ |

সময় — ৩০ মিনিট

## বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান — ৩০

*[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]*

১. ★ ব্রিটিশ ইস্ট ইন্ডিয়া কোম্পানি গঠিত হয় কত সালে?
ক ১৫০০ খ ১৬০০
গ ১৬১০ ঘ ১৭০০

২. নিচের কোন কাজ দ্বারা ব্রিটিশদের 'ভাগ কর, শাসন কর' নীতির পরিচয় পাওয়া যায়?
ক দ্বৈতশাসন
খ প্রাদেশিক স্বায়ত্তশাসন
গ বঙ্গভঙ্গ ঘ কংগ্রেস প্রতিষ্ঠা

৩. ব্রিটিশ সরকার ১৯১৯ ও ১৯৩৫ সালের ভারত শাসন আইন পাস করেন কেন?
ক ভারতবর্ষের সাংগঠনিক সংকট নিরসনের জন্য
খ ব্রিটিশ রাজত্ব পাকাপোক্ত করার জন্য
গ ভারতবর্ষকে স্বাধীনতা প্রদানের জন্য
ঘ আমলাদের সুবিধা প্রদানের জন্য

৪. ১৭৯৩ সালে কর্ণওয়ালিশ যা করেন—
i. দশশালা বন্দোবস্ত
ii. চিরস্থায়ী বন্দোবস্ত
iii. সূর্যাস্ত আইন
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

৫. ★ শেখ মুজিবুর রহমানকে 'বঙ্গবন্ধু' খেতাব দেয়া হয় কেন?
ক আন্দোলন করার জন্য
খ ৬ দফার জন্য
গ স্বাধীনতা ঘোষণা দেয়ার জন্য
ঘ বাংলা ও বাঙালি জনগণকে ভালোবাসার জন্য

৬. বাংলাদেশের মুক্তিযুদ্ধে কতজন পাকিস্তানি সৈন্য আত্মসমর্পণ করেছিল?
ক ৯০ হাজার খ ৯১ হাজার
গ ৯২ হাজার ঘ ৯৩ হাজার

৭. পাকিস্তানের মোট জনসংখ্যার শতকরা কতজন বাঙালি ছিল?
ক ৫২.২২% খ ৫৩.৪০
গ ৫৪.২০% ঘ ৫৬.৪০

৮. ★ ভাষা আন্দোলন কতগুলো পর্যায়ে বিভক্ত?
এগুলোর মধ্যে প্রথম পর্যায়ের ঘটনা হলো—
i. ড. জিয়াউদ্দিনের দাবি
ii. তমদ্দুন মজলিসের প্রতিষ্ঠা
iii. ধীরেন্দ্রনাথ দত্তের প্রস্তাব উত্থাপন
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

৯. গণতন্ত্রের মানসপুত্র বলা হয় কাকে?
ক এ.কে. ফজলুল হক খ শহীদ সোহরাওয়ার্দী
গ হাজী শরীয়তউল্লাহ ঘ স্যার সলিমুল্লাহ

১০. আসামে লাইন প্রথার বিরুদ্ধে লড়াই করেন কে?
ক ফজলুল হক খ সোহওরাওয়াদী
গ ভাসানী ঘ তিতুমীর

১১. কোন সংস্থা বঙ্গবন্ধুকে জুলিও কুরি শান্তি পদকে ভূষিত করেন?
ক নোবেল কমিটি খ সাধারণ পরিষদ
গ নিরাপত্তা পরিষদ ঘ বিশ্বশান্তি পরিষদ

১২. বাংলাদেশের সংবিধানের প্রথম সংশোধনী বিল পাস হয় কখন?
ক ১৩ জুলাই ১৯৭২ খ ১৫ জুলাই ১৯৭৩
গ ১৫ জুলাই ১৯৭৪ ঘ ২০ জুন ১৯৭৫

১৩. ড. কামাল হোসেনকে সভাপতি করে ৩৪ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়েছিল যে কারণে—
ক চূড়ান্ত সংবিধান প্রণয়নের জন্য
খ ডিজিটাল সংবিধান প্রণয়নের জন্য
গ খসড়া সংবিধান প্রণয়নের জন্য
ঘ কার্যকর সংবিধান প্রণয়নের জন্য

নিচের উদ্দীপকটি পড় এবং ১৪ ও ১৫নং প্রশ্নের উত্তর দাও:

'ক' রাষ্ট্রের আইন সভা ১৯৯১ সালে সংবিধান সংশোধনের মাধ্যমে জনগণের দীর্ঘদিনের আকাঙ্ক্ষিত সরকার ব্যবস্থা বাস্তবায়িত করে। এ সংশোধনীর ফলে মন্ত্রিপরিষদের জবাবদিহিতা বৃদ্ধি পায়।

১৪. ★ উদ্দীপকের 'ক' রাষ্ট্রের সংবিধান সংশোধনীর সাথে বাংলাদেশের সংবিধানের কোন সংশোধনীর মিল রয়েছে?
ক একাদশ খ দ্বাদশ
গ ত্রয়োদশ ঘ চতুর্দশ

Teachingbd24.com

১৫. ★ বাংলাদেশের সংবিধানের উক্ত সংশোধনীর ফলে প্রতিষ্ঠিত হয়?
i. দায়িত্বশীল সরকার
ii. রাষ্ট্রপতির অধিক ক্ষমতা
iii. জন প্রতিনিধিত্বের কার্যকর অংশগ্রহণ
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ ii ও iii
ⓖ i ও iii ⓖ i, ii ও iii

১৬. সার্ক গঠন করা হয় কেন?
ⓚ সামাজিক সমস্যা সমাধানে
ⓚ অর্থনৈতিক সহযোগিতা
ⓖ আঞ্চলিক সহযোগিতা
ⓖ রাজনৈতিক সমস্যা সমাধানে

১৭. EU-এর বর্তমান সদস্য সংখ্যা কত?
ⓚ ২৪ ⓚ ২৫
ⓖ ২৬ ⓖ ২৮

১৮. বাংলাদেশ সর্বপ্রথম কোন আন্তর্জাতিক সংস্থার সদস্যপদ লাভ করে?
ⓚ কমনওয়েলথ ⓚ জাতিসংঘ
ⓖ ওআইসি
ⓖ জোট নিরপেক্ষ আন্দোলন

১৯. জাতিসংঘের উদ্দেশ্য হলো–
i. শান্তি শৃঙ্খলা নিশ্চিত করা
ii. মানবাধিকার নিশ্চিত করা
iii. সকল রাষ্ট্রের মধ্যে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক সৃষ্টি করা
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ ii ও iii
ⓖ i ও iii ⓖ i, ii ও iii

২০. গণভোট কী?
ⓚ হ্যাঁ বা না ভোট ⓚ জনগণের ভোট
ⓖ সর্বজনীন ভোট ⓖ গণতন্ত্রের ভোট

২১. নিচের কোন জাতীয় সংসদ নির্বাচনটি তত্ত্বাবধায়ক সরকারের অধীনে অনুষ্ঠিত হয়?
ⓚ চতুর্থ ⓚ ষষ্ঠ
ⓖ অষ্টম ⓖ দশম

২২. ★ বাংলাদেশের নির্বাচন ব্যবস্থার বৈশিষ্ট্য হলো–
i. প্রত্যক্ষ ভোট
ii. গোপন ভোট পদ্ধতি
iii. সমভোটাধিকার
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

২৩. বাংলাদেশের সংবিধানের কত অনুচ্ছেদের অনুযায়ী নির্বাচন কমিশন গঠিত?
ⓚ ১১২ অনুচ্ছেদ ⓚ ১১৮ অনুচ্ছেদ
ⓖ ১২০ অনুচ্ছেদ ⓖ ১২৭ অনুচ্ছেদ

২৪. কর্ম কমিশনের প্রয়োজন কেন?
ⓚ সরকারকে আইনি পরামর্শ দানের জন্য
ⓚ সুষ্ঠুভাবে নির্বাচন সম্পন্ন করার জন্য
ⓖ প্রজাতন্ত্রের কর্মে নিয়োগদানের জন্য
ⓖ দুর্নীতি দমন করার জন্য

২৫. ★ সরকারের আইন বিষয়ক উপদেষ্টা হিসেবে দায়িত্ব পালন করেন কে?
ⓚ আইন মন্ত্রী
ⓚ প্রধান বিচারপতি
ⓖ আইন প্রতিমন্ত্রী
ⓖ অ্যাটর্নি জেনারেল

২৬. NGO এর পূর্ণরূপ কী?
ⓚ National Government Organization
ⓚ National Governance Organization
ⓖ Non-Government Organization
ⓖ Non-Government Office

২৭. বাংলাদেশের স্থানীয় স্বায়ত্তশাসনের প্রাথমিক স্তর হলো–
ⓚ ওয়ার্ড পরিষদ ⓚ গ্রাম পরিষদ
ⓖ উপজেলা পরিষদ ⓖ ইউনিয়ন পরিষদ

২৮. জেলা প্রশাসকের অপর নাম কি?
ⓚ ডেপুটি কমিশনার
ⓚ ডেপুটি ম্যাজিস্ট্রেট
ⓖ ডেপুটি সচিব
ⓖ ডিস্ট্রিক্ট কমিশনার

২৯. জাতীয় সংসদের সভাপতি কে?
ⓚ ডেপুটি স্পীকার ⓚ স্পীকার
ⓖ রাষ্ট্রপতি ⓖ প্রধানমন্ত্রী

৩০. মন্ত্রণালয়ের প্রশাসনিক প্রধান কে?
ⓚ মন্ত্রী ⓚ সচিব
ⓖ অতিরিক্ত ⓖ প্রধানমন্ত্রী

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | খ | ২ | গ | ৩ | ক | ৪ | খ | ৫ | খ | ৬ | ঘ | ৭ | ঘ | ৮ | ঘ | ৯ | খ | ১০ | গ | ১১ | ঘ | ১২ | খ | ১৩ | গ | ১৪ | খ | ১৫ | গ |
| | ১৬ | গ | ১৭ | ঘ | ১৮ | ক | ১৯ | ঘ | ২০ | ক | ২১ | গ | ২২ | ঘ | ২৩ | খ | ২৪ | গ | ২৫ | ঘ | ২৬ | গ | ২৭ | ঘ | ২৮ | ঘ | ২৯ | খ | ৩০ | খ |

Teachingbd24.com